

Office of the Director of Accounts

Administrative Building, University of Dhaka

Dhaka-1000, Bangladesh.

Phone : 55167721

IP Pabx : 88-09666911463, Ex-4163/4171

E-mail : director.accounts@du.ac.bd

Website : <http://www.du.ac.bd>



হিসাবপরিচালকের অফিস

প্রশাসনিক ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা-১০০০, বাংলাদেশ।

ফোন : ৫৫১৬৭৭২১

আইপিপিএবিএক্স : ৮৮-০৯৬৬৬৯১১৪৬৩, এক্স-৪১৬৩/৪১৭১

Letter No.

Date:

বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রকাশিত বিশেষ আদেশে ব্যক্তি করদাতাগণের (Individual Taxpayers) অনলাইনে আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করেছেন। এতদ্বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে প্রজ্ঞাপনটি নিম্নে সংযুক্ত করা হলো।

(একই স্মারকে ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.৯৯.০০১.২৪/ ৯৯

তারিখ: ২৭ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
১১ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিশেষ আদেশ নং- ০১/২০২৫

বিষয়: ব্যক্তি করদাতাগণের (Individual Taxpayers) অনলাইনে আয়কর রিটার্ন দাখিল সংক্রান্ত বিশেষ আদেশ।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩২৮ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, এই আদেশ দ্বারা, ০৪ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ হইতে ২০২৫-২০২৬ করবর্ষের জন্য নিম্নোক্ত ক্ষেত্র ব্যতীত সকল স্বাভাবিক ব্যক্তি করদাতার অনলাইনে (www.etaxnbr.gov.bd) আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করিল:

- (ক) ৬৫ (পঁয়ষট্টি) বছর বা তদূর্ধ্ব বয়সের প্রবীণ করদাতা;
- (খ) শারীরিকভাবে অসমর্থ বা বিশেষ চাহিদাসম্পন্ন করদাতা (সমন্বিত দাখিল সাপেক্ষে);
- (গ) বিদেশে অবস্থানরত বাংলাদেশী করদাতা;
- (ঘ) মৃত করদাতার পক্ষে আইনগত প্রতিনিধি;
- (ঙ) বাংলাদেশে কর্মরত বিদেশী নাগরিকগণ।

তবে শর্ত থাকে যে, (ক), (খ), (গ), (ঘ) ও (ঙ) এ উল্লিখিত করদাতাগণ ইচ্ছাপোষণ করিলে অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করিতে পারিবেন।

- ২। ই-রিটার্ন সিস্টেমে নিবন্ধন সংক্রান্ত সমস্যার কারণে উপরে উল্লিখিত করদাতাগণ ব্যতীত অন্য যেকোনো স্বাভাবিক ব্যক্তি করদাতা অনলাইনে আয়কর রিটার্ন দাখিলে সমর্থ না হইলে ৩১ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপকর কমিশনারের নিকট সুনির্দিষ্ট যৌক্তিকতাসহ আবেদন করিলে সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্মকর কমিশনারের অনুমোদনক্রমে উক্ত করদাতা পেপার রিটার্ন দাখিল করিতে পারিবেন।

মোঃ আবদুল রহমান খান এফসিএস

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড